# বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড, ঢাকা

২ অরফ্যানেজ রোড, বকশি বাজার, ঢাকা-১২১১

**Website:** www.bmeb.gov.bd **E-mail:** info@bmeb.gov.bd **Fax:** 58616681, 58617908, 9615576


নং-বামাশিবো/প্রশা/পটুয়া-১০/ ১০৯২২

তারিখ: ০৭ অগ্রহায়ণ ১৪২৭ বঙ্গাব্দ
২২ নভেম্বর ২০২০ খ্রি.

**বিষয় : গেরাখালী নুরিয়া দাখিল মাদ্রাসার ম্যানেজিং কমিটি-২০১৯ গঠন ও প্রতিষ্ঠাতা বিষয়ে স্পষ্টীকরণ প্রসঙ্গে**

সূত্র : ১। জনাব গাজী নুর আহমেদ কর্তৃক বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড, ঢাকায় অভিযোগ আইডি নং- ২৩৩১৯১০২৫৪৫১ তারিখ: ১৪.১১.২০১৯ খ্রি.।
২। বামাশিবো/প্রশা/২৩৩১৯১০২৫৪৫১/পটুয়া-১০/১০৮৫৫ তারিখ: ০৫.১২.২০১৯ খ্রি.।
৩। বামাশিবো/প্রশা/২৩৩১৯১০২৫৪৫১/পটুয়া-১০/১০৮৭৫ তারিখ: ০৫.১২.২০১৯ খ্রি.।
৪। বামাশিবো/প্রশা/পটুয়া-১০/১০৯১৩ তারিখ: ০১.১০.২০২০ খ্রি.।
৫। বামাশিবো/প্রশা/২২১১৯১০২৫৪৫১/২২৫৪৫/পটুয়া-১০/ তারিখ: ২৯.১০.২০১৯ খ্রি.।

উপর্যুক্ত বিষয় ও সূত্রের আলোকে পটুয়াখালী জেলার সদর উপজেলাধীন গেরাখালী নুরিয়া দাখিল মাদ্রাসার সাময়িক বরখাস্তকৃত সুপার জনাব মো: নুরুজ্জামান সন্ত্রাস দমন আইনে গ্রেফতার, জেল হাজত, সাময়িক বরখাস্ত, জামিনে মুক্তি, মামলা চলমান থাকা অবস্থায় মাদ্রাসার সুপারের দায়িত্ব পালনসহ সরকারী বেতন-ভাতাদির সম্পূর্ন (১০০%) অংশ গ্রহণ এবং সাময়িক বরখাস্ত থাকা অবস্থায় ম্যানেজিং কমিটি-২০১৯ গঠনসহ বিধি বহির্ভূতভাবে বিভিন্ন প্রাতিষ্ঠানিক দায়িত্ব পালন করছেন মর্মে মাদ্রাসার প্রতিষ্ঠাতা দাবিদার জনাব গাজী নুর আহমেদ সূত্রোক্ত ১নং স্মারকে অভিযোগ দাখিল করেন। অভিযোগের আলোকে সূত্রোক্ত ২ নং স্মারকের প্রেক্ষিতে জেলা প্রশাসক, পটুয়াখালী তদন্ত পূর্বক প্রতিবেদন প্রেরণ করেন।

তদন্তকারী কর্মকর্তার প্রতিবেদনের আলোকে অভিযোগ প্রমাণিত হওয়ায় অনুমোদিত ম্যানেজিং কমিটি-২০১৯ কেন বাতিল করা হবেনা মর্মে সূত্রোক্ত ৩ নং স্মারকে কারণ দর্শানোর জন্য পত্র দেয়া হয়। কারণ দর্শানো পত্রের জবাব ও সংশ্লিষ্ট কাগজপত্র যাচাই করে উক্ত জবাবের সমর্থনে প্রয়োজনীয় কাগজপত্রসহ নিম্ন স্বাক্ষরকারীর দপ্তর এ উপস্থিত হওয়ার জন্য মাদ্রাসার ম্যানেজিং কমিটির সভাপতি ও সুপারকে সূত্রোক্ত ৪ নং স্মারকে পত্র দেয়া হয়। উক্ত পত্রের আলোকে মাদ্রাসার সুপার গাজী মো: নুরুজ্জামান ও ম্যানেজিং কমিটির সভাপতি স্বশরীরে উপস্থিত হয়ে বক্তব্য প্রদান করেন এবং বক্তব্যর সমর্থনে প্রয়োজনীয় কাগজপত্র জমা দিয়েছেন। প্রতিষ্ঠাতা দাবিদার ও অভিযোগকারী জনাব গাজী নুর আহমেদও নিজেকে প্রতিষ্ঠাতা দাবি করে স্বপক্ষে বক্তব্যসহ কাগজপত্র জমা দিয়েছেন।

সুপার জনাব গাজী মো: নুরুজ্জামানের বক্তব্য ও সমর্থনীয় কাগজপত্র যাচাই করে দেখা যায়, সুপার জনাব মো: নুরুজ্জামান বিগত ১০.০৬.২০১৬ খ্রি. তারিখে সন্ত্রাস দমন আইনে গ্রেফতার হয়ে ১১.০৬.২০১৬ খ্রি. তারিখ থেকে ২৯.০৬.২০১৬ খ্রি. তারিখ পর্যন্ত জেলহাজতে থাকেন। ২৯.০৬.২০১৬ খ্রি. তারিখে জেলহাজত থেকে জামিনে মুক্ত হলে ০২.০৭.২০১৬ খ্রি. তারিখে ম্যানেজিং কমিটি কর্তৃক সাময়িক বরখাস্ত প্রত্যাহার করে পূর্ণবেতনে স্বপদে পুনর্বহাল করা হয়। ম্যানেজিং কমিটি-২০১৯ গঠনের সময় সুপার সাময়িক বরখাস্ত ছিলেন না বিধায় সূত্রোক্ত ৫ নং স্মারকে অনুমোদিত ম্যানেজিং কমিটি গঠনের কার্যক্রম বিধি মোতাবেক হয়েছে মর্মে প্রতীয়মান হয়। অপরদিকে, অভিযোগকারী ও প্রতিষ্ঠাতা দাবিদার জনাব গাজী নুর আহমেদের কাগজপত্র যাচাই করে দেখা যায়, বিধি মোতাবেক প্রতিষ্ঠাতা হওয়ার স্বপক্ষে তিনি কোন দালিলিক কাগজপত্র জমা দিতে পারেননি কিন্তু তার দাখিলকৃত আবেদনে উল্লেখ করেছেন তার জন্ম ১০.০৪.১৯৫০ খ্রি. তারিখে এবং তিনি ১৯৭১ সালে মাদ্রাসাটি প্রতিষ্ঠা করেছেন। মাদ্রাসার প্রতিষ্ঠা ও প্রতিষ্ঠাতা বিষয়ে সুপার জনাব গাজী মো: নুরুজ্জামান তার আবেদনে উল্লেখ করেছেন মাদ্রাসাটি ১৯৩৫ সালে তার পিতা মো: মুজাফফর হোসেন প্রতিষ্ঠা করেছেন এবং অভিযোগকারী জনাব গাজী নুর আহমেদ তার আপন বড় ভাই।

বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড, ঢাকা পরিদর্শন শাখায় রক্ষিত নথি যাচাইয়ান্তে দেখা যায় ০৭.০৮.১৯৯৪ খ্রি. তারিখে সহকারী বিদ্যালয় পরিদর্শক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা পরিদপ্তর, বরিশাল অঞ্চল, বরিশাল এর প্রতিস্বাক্ষরিত পরিদর্শন প্রতিবেদনে দেখা যায় মাদ্রাসাটি প্রতিষ্ঠিত হয়েছে ০১.০১.১৯৩৫ খ্রি. তারিখে এবং তৎকালীন সুপার মো: সামছুল হক সুপার হিসেবে নিয়োগ লাভ করে চাকুরীতে পূর্ণ স্বীকৃতি লাভ করেন ০১.০৯.১৯৬৬ খ্রি. তারিখে এবং প্রশাসন (কমিটি) শাখায় রক্ষিত নথি যাচাইয়ান্তেও দেখা যায় ২২.০২.২০০০ ও ১১.০১.২০০৩ খ্রি. তারিখে উপজেলা নির্বাহী অফিসার, সদর, পটুয়াখালী কর্তৃক অনুমোদিত ম্যানেজিং কমিটিতে প্রতিষ্ঠাতা হিসাবে জনাব মো: মুজাফফর হোসেন এর নাম রয়েছে।

এমতাবস্থায় সূত্রোক্ত ৫ নং স্মারকে অনুমোদিত ম্যানেজিং কমিটি-২০১৯ গঠন বিধি সম্মত হয়েছে এবং বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড, ঢাকা (গভর্নিং বডি ও ম্যানেজিং কমিটি) প্রবিধানমালা, ২০০৯ (২০১২ পর্যন্ত সংশোধিত) এর ১০(খ) অনুযায়ী প্রতিষ্ঠাতা দাবিদার জনাব গাজী নুর আহমেদ উক্ত মাদ্রাসার প্রতিষ্ঠাতা নয় মর্মে প্রতীয়মান হয়।

যথাযথ কর্তৃপক্ষের অনুমোদনক্রমে এ আদেশ জারি করা হলো।

২২.১১.২০২০

**মোঃ সিদ্দিকুর রহমান**
রেজিস্ট্রার
ফোনঃ ৯৬১২৮৫৮
ই-মেইল: registrar@bmeb.gov.bd

২২.১১.২০২০

১। সভাপতি, ম্যানেজিং কমিটি, গেরাখালী নুরিয়া দাখিল মাদ্রাসা, সদর, পটুয়াখালী;
২। জনাব গাজী মো: নুরুজ্জামান, সুপার, গেরাখালী নুরিয়া দাখিল মাদ্রাসা, সদর, পটুয়াখালী;
৩। জনাব গাজী নুর আহমেদ, দনিয়া, কদমতলী, ঢাকা-১২৩৬।

নং-বামাশিবো/প্রশা/পটুয়া-১০/১০৯২২

তারিখ: ৭ অগ্রহায়ণ ১৪২৭ বঙ্গাব্দ
২২ নভেম্বর ২০২০ খ্রি.

সদয় অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে অনুলিপি (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):
১. জেলা প্রশাসক, পটুয়াখালী;
২. জেলা শিক্ষা অফিসার, পটুয়াখালী;
৩. উপজেলা নির্বাহী অফিসার, সদর, পটুয়াখালী;
৪. উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার, সদর, পটুয়াখালী;
৫. ম্যানেজার, সোনালী/অগ্রণী/রূপালী/জনতা ব্যাংক, সদর, পটুয়াখালী;
৬. প্রোগ্রামার, আইসিটি সেল, বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড, ঢাকা(ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ);
৭. পিও টু চেয়ারম্যান, পিএ টু রেজিস্ট্রার, বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড, ঢাকা;
৮.অফিস কপি।

22/11/2020

**মোঃ ওমর ফারুক**
উপ রেজিষ্ট্রার (প্রশাসন)
ফোন: ৯৬৭৪৮৭৪
ই-মেইল: dradmin@bmeb.gov.bd

22.11.2020

F:\Admin - Committee\Belayet\Office Order.docx